গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(বেসরকারি মাধ্যমিক-১ শাখা)
www.shed.gov.bd

নম্বর-৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).২২

তারিখ : ০২ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# পরিপত্র

**বিষয়: 'বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) শিক্ষার্থী ভর্তি নীতিমালা, ২০২২' সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে 'বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) শিক্ষার্থী ভর্তি নীতিমালা, ২০২২' এর অনুচ্ছেদ ১৪.০ এবং অনুচ্ছেদ ১৮.০ নির্দেশক্রমে নিম্নরূপ সংশোধন করা হলো।

অনুচ্ছেদ ১৪.০:

কোন প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থীর সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন যদি পূর্ব থেকে অধ্যয়নরত থাকে সে সকল সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন কে সংশ্লিষ্ট ভর্তি কমিটি আবেদন যাচাই-বাছাই করে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তবে এ সুবিধা কোন দম্পত্তির সর্বোচ্চ ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। শুধুমাত্র ২০২৩ শিক্ষাবর্ষের জন্য কোন প্রতিষ্ঠানে এন্ট্রি শ্রেণিসহ অন্যান্য শ্রেণিতে মোট আসনের অতিরিক্ত ৫% শিক্ষার্থী সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোনের ভর্তির জন্য আবেদনকারীদের মধ্যে থেকে ভর্তি করাতে পারবে। তবে আবেদন সংখ্যা অধিক হলে ভর্তি কমিটি কর্তৃক লটারির মাধ্যমে উক্ত ৫% শিক্ষার্থী নির্বাচন করা যেতে পারে। উল্লেখ্য, ২০২৪ শিক্ষাবর্ষ হতে এ বিষয়টি কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার সফটওয়্যারে বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

অনুচ্ছেদ ১৮.০:

সরকারি কর্মকর্তা-কর্মচারীর আন্তঃজেলা/আন্তঃউপজেলা বদলির কারণে বদলিকৃত কর্মস্থলের উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল অথবা যে জেলায় উপপরিচালক নাই; সেখানে জেলা শিক্ষা অফিসারের প্রত্যয়নক্রমে কর্মকর্তা-কর্মচারীর সন্তানদের ভর্তির সুযোগ থাকবে। তবে ক্যাচমেন্ট এরিয়া বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা বিদ্যালয় নির্বাচন করে শিক্ষার্থীর ভর্তির প্রত্যয়ন পত্র দিবেন। তবে আন্তঃজেলা/আন্তঃউপজেলা বদলিজনিত কারণে সরকারি কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের ভর্তির জন্য শ্রেণি কক্ষে স্থান সংকুলান সাপেক্ষে প্রতি শ্রেণিতে মোট আসনের ৫% অতিরিক্ত সংরক্ষিত রাখা যেতে পারে। তবে আবেদন সংখ্যা অধিক হলে ভর্তি কমিটি কর্তৃক লটারির মাধ্যমে উক্ত ৫% শিক্ষার্থী নির্বাচন করতে হবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৬/০১/২০২৩
(মোঃ মিজানুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৪৫০৩২
nongovt.secondary.sec1@shed.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
০২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩. অতিরিক্ত সচিব (প্র: ও অর্থ/উন্নয়ন/মাধ্যমিক-১/মাধ্যমিক-২/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. বিভাগীয় কমিশনার, (সকল)..................................................
০৫. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত, ঢাকা
০৬. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৭. যুগ্মসচিব (বেসকারি মাধ্যমিক অধিশাখা/সরকারি মাধ্যমিক/অডিট ও আইন/উন্নয়ন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
১০. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
১১. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
১২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/দিনাজপুর/ ময়মনসিংহ
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১৪. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
১৫. জেলা প্রশাসক (সকল).......................................
১৬. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল).......................
১৯. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল অঞ্চল)..........................
২১. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল অঞ্চল).............................
২২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট ,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (নীতিমালাটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
২৩. জেলা শিক্ষা অফিসার (সকল) ...............................
২৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)..............................
২৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা ................................
২৬. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭. যুগ্মসচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১)- ৮৮২ তারিখ : ২৫/০১/২০২৩খ্রি.

উপরোল্লিখিত পত্রের মর্মানুযায়ী ২০২৩ শিক্ষাবর্ষে ১৪/০১/২০২৩ তারিখ পর্যন্ত যে সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোনের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারেননি তাঁদের-কে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পত্র মোতাবেক প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫.০১.২০২৩

(মোহাম্মদ আজিজ উদ্দিন)
উপপরিচালক (মাধ্যমিক)
ও
সদস্য সচিব
ঢাকা মহানগরী সরকারি মাধ্যমিক বিদ্যালয় ভর্তি কমিটি
ফোন : ০২-৪১০৫০২৮৩
dd-sec@dshe.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
১। বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, সকল
২। বেসরকারি স্কুল এন্ড কলেজ, সকল

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**
১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক ১ ও ২)]
২। জেলা প্রশাসক (সকল)
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [পত্রের মর্মানুযায়ী বাস্তবায়নের অনুরোধসহ]
৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
১০। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
১১। সংরক্ষণ নথি